গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট
www.golapganj.sylhet.gov.bd

## সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির প্রথম ত্রৈমাসিক সভা আগামী ০৫ অক্টোবর ২০২১ রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, গোলাপগঞ্জ, সিলেট এ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মো: গোলাম কবির, উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হলো।

মো: গোলাম কবির
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা নৈতিকতা কমিটি
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং- ০৫.৪৬.৯১৩৮.০০০.১৫.০০১.২১. ৭৪৬

তারিখ : ২৯/০৯/২০২১ খ্রি.

**বিতরণ:**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
৪। সহকারী কমিশনার (ভূমি), গোলাপগঞ্জ, সিলেট।
৫। চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা/১০ নং উত্তর বাদেপাশা/১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ , গোলাপগঞ্জ, সিলেট।
৬। উপজেলা ............................. কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট।
৭। অফিসার ইনচার্জ, গোলাপগঞ্জ মডেল থানা, সিলেট।
৮। অধ্যক্ষ, ঢাকাদক্ষিণ সরকারি ডিগ্রি কলেজ।
০৯। সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, গোলাপগঞ্জ, সিলেট।
১০। সভাপতি, গোলাপগঞ্জ প্রেসক্লাব।
১১। জনাব.........................................................................., গোলাপগঞ্জ, সিলেট।

মো: গোলাম কবির
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট
www.golapganj.sylhet.gov.bd

উপজেলা নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণি

সভাপতি : জনাব মো: গোলাম কবির, উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।

সভার তারিখ : ০৫ অক্টোবর ২০২১

সভার সময় : সকাল ১০:৩০ ঘটিকা

সভায় উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা করেন। সভাপতি বিগত সভার কার্যবিবরণি পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ় করা হয়।

| ক্রমিক নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **অভিযোগ বাক্স স্থাপন:**<br>সভাপতি জানান, সরকারি দপ্তরে সেবা প্রত্যাশীরা যেন হয়রানির শিকার না হন সে দিকে সবাইকে সচেষ্ট থাকতে হবে। প্রত্যন্ত অঞ্চল থেকে আগত সাধারণ জনগণ যাতে নির্বিঘ্নে সেবা পায় তা নিশ্চিত করতে সকল দপ্তর প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়। ইউনিয়ন পরিষদে সাধারণ জনগণ প্রায়ই হয়রানি ও ভোগান্তির সম্মুখীন হন মর্মে জানা যায়। ইউনিয়ন পরিষদে আগত লোকজন সঠিকভাবে এবং সময়মত সেবা প্রাপ্তির ব্যাপারে উপস্থিত সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। ইউনিয়ন পরিষদ এবং সরকারি-বেসরকারি সকল দপ্তরে অভিযোগ বাক্স স্থাপন করার অনুরোধ জানানো হয়। | প্রতিটি দপ্তরে এবং ইউনিয়ন পরিষদে একটি করে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে এবং দপ্তর প্রধানগণ সপ্তাহে একদিন অভিযোগ বাক্সে জমাকৃত অভিযোগ যাচাই ও নিষ্পত্তি করবেন। | সকল দপ্তর প্রধান ও সকল ইউপি চেয়ারম্যান |
| ০২. | **হেল্প ডেস্ক:**<br>সভাপতি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানগণের উদ্দেশ্যে বলেন, যেসকল দপ্তরে এখনো হেল্পডেস্ক স্থাপন করা হয়নি সে সকল দপ্তরে হেল্প ডেস্ক স্থাপন করে জনগনকে সেবা প্রদান অব্যাহত রাখার আহবান জানান। | দপ্তর প্রধানগণ হেল্প ডেস্ক চালু রাখবেন এবং নিয়মিত তদারকি করবেন। | সকল দপ্তর প্রধান, গোলাপগঞ্জ উপজেলা |
| ০৩. | **বিবিধ:**<br>সভায় উপস্থিত বিভিন্ন সদস্যবৃন্দ বলেন, বিভিন্ন দপ্তরের প্রধানগণ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যক্তিগণ বিভিন্ন আলোচনা সভা, সেমিনারে অংশগ্রহণ করেন। এসব আলোচনা সভা, সেমিনারে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' প্রসঙ্গে আলোচনা করলে এ বিষয়ে সাধারণ মানুষ যেমন অবহিত হবেন তেমনি তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা নৈতিকতা কমিটির সকল সদস্যগণ বিভিন্ন আলোচনা সভা, সেমিনারে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' বিষয়ে আলোচনা করবেন এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ বিদ্যালয়ে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' শীর্ষক কর্মসূচি গ্রহণ করবেন। | সকল সদস্য, উপজেলা নৈতিকতা কমিটি ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ |

সভাপতি গোলাপগঞ্জ উপজেলায় 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' করতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/১০/২০২১

মো: গোলাম কবির
উপজেলা নির্বাহী অফিসার

মোঃ গোলাম কবির
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩৮.০০০.৯৯.০০১.১৯.৪৮৮ তারিখ : ০৫/১০/২০২১ খ্রি.

**বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে:**

০১। জেলা প্রশাসক, সিলেট।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। সহকারী কমিশনার (ভূমি), গোলাপগঞ্জ, সিলেট।
০৬। চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা/১০ নং উত্তর বাদেপাশা/১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ , গোলাপগঞ্জ, সিলেট।
০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। অফিসার ইনচার্জ, গোলাপগঞ্জ মডেল থানা, সিলেট।
০৯। অধ্যক্ষ, ঢাকাদক্ষিণ সরকারি ডিগ্রি কলেজ।
১০। সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, গোলাপগঞ্জ, সিলেট।
১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গোলাপগঞ্জ, সিলেট (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
১২। সভাপতি, গোলাপগঞ্জ প্রেসক্লাব।
১৩ । জনাব.............................................................................., গোলাপগঞ্জ, সিলেট।
১৪। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট